

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪৫১

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. জুমু'আর সালাত - খুতবা ও খতীবের কিছু বৈশিষ্ট্য

আরবী

عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللّهِ رَضِيَ اللّهُ عَنْهُمَا قَالَ: كَانَ رَسُولُ اللّهِ _ صلى الله عليه وسلم _ إِذَا خَطَبَ, احْمَرَّتْ عَيْنَاهُ, وَعَلَا صَوْتُهُ, وَاشْتَدَّ غَضَبُهُ, حَتَّى كَأَنَّهُ مُنْذِرُ جَيْشٍ يَقُولُ: صَبَّحَكُمْ وَمَسَّاكُمْ, وَيَقُولُ: أَمَّا بَعْدُ, فَإِنَّ خَيْرَ الْحَدِيثِ كِتَابُ اللّهِ, وَخَيْرَ الْهَدْيِ هَدْيُ صَبَّحَكُمْ وَمَسَّاكُمْ, وَيَقُولُ: أَمَّا بَعْدُ, فَإِنَّ خَيْرَ الْحَدِيثِ كِتَابُ اللّهِ, وَخَيْرَ الْهَدْيِ هَدْيُ مُحْمَد, وَشَرَّ الْأُمُورِ مُحْدَثَاتُهَا، وَكُلَّ بِدْعَةٍ ضَلَالَةٌ. رَوَاهُ مُسْلِمٌ وَقِي رِوَايَةٍ لَهُ كَانَتْ خُطْبَةُ النّبِيِّ _ صلى الله عليه وسلم _ يَوْمَ الْجُمُعَةِ: يَحْمَدُ اللّهَ وَيُقِي رِوَايَةٍ لَهُ كَانَتْ خُطْبَةُ النّبِي ّ _ صلى الله عليه وسلم _ يَوْمَ الْجُمُعَةِ: يَحْمَدُ اللّهَ وَيُقِي رِوَايَةٍ لَهُ كَانَتْ خُطْبَةُ النّبِي ّ _ صلى الله عليه وسلم _ يَوْمَ الْجُمُعَةِ: يَحْمَدُ اللّهَ وَيُونِ رَوَايَةٍ لَهُ كَانَتْ خُطْبَةُ النّبِي ّ _ صلى الله عليه وسلم _ يَوْمَ الْجُمُعَةِ: يَحْمَدُ اللّهَ وَيُعْمَ وَاللّهُ مَنْ يَهْدِهِ اللّهُ فَلَا مُضِلّ لَهُ, وَمَنْ يُضَلِّلْ فَلَا هَادِيَ لَهُ لَاللّهُ عَلَى إِنْرِ ذَلِكَ, وَقَدْ عَلَا صَوْتُهُ وَلَا هَادِيَ لَهُ مَنْ يُعْدِهِ اللّهُ فَلَا مُضِلّ لَهُ, وَمَنْ يُضِلِّلْ فَلَا هَادِيَ لَهُ لَا هَالِهُ عَلَى النَّهُ وَلَا النَّهُ وَلَا النَّهُ وَلَا اللّهِ عَلْمَالًا لَهُ لَا هَادِي لَهُ لَهُ اللّهُ عَلَامِ وَلَا اللّهُ عَلَا صَوْلَكُ اللّهُ عَلَا اللّهُ عَلْمُ اللّهُ اللّهُ عَلْمُ اللّهُ عَلْمَ اللّهُ عَلَا عَلَى اللّهُ عَلْمُ اللّهُ اللّهُ عَلَا عَلَا عَلَا عَلَا اللّهُ عَلَا عَلَا عَلَا عَلَا عَلَا اللّهُ عَلَا عَلَا عَلَا اللّهُ عَلَا عَلَا اللّهُ الللّهُ عَلَا عَا عَلَا عَلَا عَلَا عَلَا عَلَا عَلَا عَلَا عَلْهُ عَلَا عَلْ عَلَا

صحيح، والحديث برواياته رواه مسلم (867) النسائي (3/ 189) بإسناد صحيح

বাংলা

৪৫১. জাবির বিন 'আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন খুতবাহ দিতেন তখন তাঁর চোখ দু'টি রক্তিম বর্ণ ধারণ করত ও আওয়াজ উঁচু হত, আর তাঁর ক্রোধ বেড়ে যেত; এমনকি মনে হত তিনি যে কোন শক্র সৈন্য সম্বন্ধে আমাদেরকে সতর্ক করছেন। আর বলতেন সকাল-সন্ধ্যায় তোমরা আক্রান্ত হবে। আর বলতেন-আম্মা বা'দু, উত্তম হাদীস আল্লাহর কিতাব; উত্তম হিদায়াত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হিদায়াত; নিকৃষ্টতর কাজ হচ্ছে বিদ'আত, প্রত্যেক বিদ'আতই হচ্ছে ভ্রষ্টতা।



মুসলিমের অন্য বর্ণনায় আছে: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুমু'আহর দিনে (খুতবায়), আল্লাহর হামদ ও সানা পাঠের পর পরই উচ্চকণ্ঠে বক্তব্য রাখতেন।

মুসলিমের ভিন্ন একটি রিওয়ায়াতে আছে– "যাকে আল্লাহ হিদায়াত করেন তাকে গুমরাহ করার কেউ নেই, আর যাকে গুমরাহ করেন তাকে হিদায়াত করার কেউ নেই। আর নাসায়ীতে আছে : প্রত্যেক গুমরাহী হচ্ছে জাহান্নামে যাবার কারণ।[1]

ফুটনোট

[1] মুসলিম ৮৬৭, নাসায়ী ১৫৭৮, আবূ দাউদ ২৯৫৪, ২৯৫৬, ইবনু মাজাহ ৪৫, ২৪১৬ আহমাদ ১৫৭৪৪, ১৩৯২৪, ১৪০২২, দারেমী ২০৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন